# ২০২৩
# বাংলা
## (প্রোগ্রাম)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## তৃতীয় সেমেস্টার
## কোর্স কোর্ড : BNG-G-CC-T-3
## (জীবনী, আত্মজীবনী ও ভ্রমণকাহিনী)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) লেখকের নামসহ চৈতন্যবিষয়ক দুটি জীবনী সাহিত্যের নাম লেখো।

খ) জীবনী ও আত্মজীবনীর দুটি প্রভেদ উল্লেখ করো।

গ) ‘পথে প্রবাসে’ কোন ধরনের রচনা? এটি কার লেখা?

ঘ) দুটি আত্মজীবনীমূলক রচনার নামোল্লেখ করো।

ঙ) ‘চারিত্রপূজা’ গ্রন্থটি কার লেখা? এটি কোন ধরনের রচনা?

চ) “আর একটি পাহাড় দেখিয়া চমৎকৃত হইলাম”
—লেখকের চমৎকৃত হওয়ার কারণটি লেখো।

ছ) ‘সামকনামা’ বলতে কী বোঝায়?

জ) “এই জন্য গলঘন্টার উৎপত্তি” — প্রসঙ্গ ব্যাখ্যা করো।

ঝ) ‘অনেকেই পালাইয়া রক্ষা পায়’ — কাদের কেন পালিয়ে রক্ষা পেতে হত?

ঞ) “এ নিদ্রা আর ভাঙ্গিল না” — কার নিদ্রার কথা বলা হয়েছে? তা আর ভাঙেনি কেনো?

ট) “সে ছিল মুক্ত আমি ছিলাম বদ্ধ” — প্রসঙ্গ ব্যাখ্যা করো।

ঠ) “এই প্রথম বাহিরে গেলাম” — বাইরে যাওয়া বলতে কী বোঝানো হয়েছে? সেখানে যাওয়ার কারণটি লেখো।

ড) “আমরা তিনটি বালক একসঙ্গে মানুষ হইতেছিলাম”
— তিনটি বালকের পরিচয় দাও।

*(পরের পাতায়)*

ঢ) ‘‘সেই নীরব ক্লাসটির উপর কী ভয়ঙ্কর মাস্টারি যে করিয়াছি’’ — ক্লাসটির নীরবতার কারণ কী ছিল?

ণ) ‘জীবনস্মৃতি’-তে উল্লেখ আছে, রবীন্দ্রনাথের এমন কতগুলি রচনার নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ভ্রমণ সাহিত্য বলতে কী বোঝায়? সংক্ষেপে এর বৈশিষ্ট্য আলোচনা করো।

খ) ‘‘আমার জীবনে এইটেই আদিকবির প্রথম কবিতা’’ — আদিকবির প্রথম কবিতা বলতে কী বোঝানো হয়েছে? শিশু রবীন্দ্রনাথের মনে এই কবিতা কেমন প্রভাব বিস্তার করেছিল তা লেখো।

গ) ‘‘এখন ইস্কুলে যাহিবার জন্য যেমন কাঁদিতেছ, না যাহিবার জন্য এর চেয়ে বেশী কাঁদিতে হইবে’’ — এই ভবিষ্যৎ বক্তাটি কে ছিলেন? তাঁর এমন বক্তব্যের নেপথ্য কারণ সম্পর্কে আলোচনা করো।

ঘ) ‘‘সভ্যতার সঙ্গে সঙ্গে সাহসের ভাগ কমিয়া আইসে’’ — লেখকের এমন মন্তব্যের কারণ, সপ্রসঙ্গ বিশ্লেষণ করো।

ঙ) ‘‘সে রাত্রে বড় শীত পড়িয়াছিল’’ — কোন রাতের কথা বলা হয়েছে? সে রাতে যে ঘটনা ঘটেছিল তার সংক্ষিপ্ত বিবরণ দাও।

চ) ‘‘নৃত্যের উদ্যোগ আরম্ভ রইল’’— ‘পালামৌ’-গ্রন্থ অবলম্বনে কোল রমণীদের নৃত্যের বিবরণ দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) আত্মজীবনী বলতে কী বোঝায়? তোমার পঠিত একটি আত্মজীবনী সম্পর্কে আলোচনা করো।

খ) ‘‘বিশ্বপ্রকৃতিকে আড়াল আবডাল হইতে দেখিতাম’’ — দৃষ্টান্তসহ রবীন্দ্রনাথের প্রকৃতি ভাবনার বিবরণ দাও।

গ) ‘‘বোধহয় আমিও পৃথিবীর রং ফেরা দেখিতে যাইতাম’’ — লেখক সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়ের নৈসর্গিক সৌন্দর্য চেতনা সম্বন্ধে আলোচনা করো।

ঘ) ‘‘এই অঞ্চলে প্রধানত কোলের বাস’’ — ‘পালামৌ’ গ্রন্থ অবলম্বনে কোল জাতির জীবনচর্যার পরিচয় দাও।

---